

Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 16 April, 2025

কক্সবাজারের ঈদগাঁওতে যাত্রীবাহী বাসের ধাক্কায় এক কিশোর নিহত এবং তিনজন আহত হয়েছে।

বুধবার বেলা ১২ টার দিকে চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের ঈদগাঁও উপজেলার ঢালার দুয়ার এলাকায় এ ঘটনা ঘটে বলে জানান, হাইওয়ে পুলিশের মালুমঘাট ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক মেহেদী হাসান।

নিহত শফি আলম (১৪) ঈদগাঁও উপজেলার ইসলামাবাদ ইউনিয়নের পশ্চিম গজালিয়া এলাকার নুর মিয়া ওরফে লালুর ছেলে।

তবে আহতদের নাম ও পরিচয় নিশ্চিত করতে পারেননি তিনি।

স্থানীয়দের বরাতে মেহেদী হাসান বলেন, বুধবার বেলা ১২ টার দিকে ঈদগাঁও উপজেলার ঢালার দুয়ার এলাকায় কক্সবাজারমুখি যাত্রীবাহী একটি বাস একই মুখি একটি ইজিবাইককে পিছন থেকে ধাক্কা দেয়। এতে ইজিবাইকটি দুমড়ে মুচড়ে গিয়ে ঘটনাস্থলে এক কিশোর নিহত এবং তিনজন আহত হয়। পরে বাসটি ঘটনাস্থল থেকে সটকে পড়লে স্থানীয়রা হতাহতদের উদ্ধার করে। আহতদের ঈদগাঁও স্টেশনস্থ স্থানীয় একটি ক্লিনিকে ভর্তি করেছে। দুর্ঘটনা কবলিত ইজিবাইকটি জব্দ করা হয়েছে।

নিহতের লাশ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে বলে জানান তিনি।

নিহত আহত পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:01

URL: <https://timestodaybd.com/chittagong/905722390>